



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

“পল্লী ভবন”

৫, কাওরান বাজার, ঢাকা।

website: www.brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.২১০.০০.১৬৬.১৬. ৫৯১১

তারিখঃ ২৬/০৯/২০১৮ খ্রিঃ


পুনঃ নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিআরডিবি'র কেন্দ্রীয় ভান্ডার ও পল্লী ভবনের বিভিন্ন ফ্লোরে রক্ষিত পুরাতন অব্যবহৃত ও অকেজো মালামাল বিআরডিবি'র সদর দপ্তর, পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকায় আগামী ০৯/১০/২০১৮ খ্রিঃ তারিখ বেলা ১২-০০ ঘটিকায় প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে। নিলামে অংশ গ্রহণে আগ্রহী প্রতিষ্ঠান/ব্যক্তিগণ উক্ত তারিখ ও সময়ে উপস্থিত থেকে নিলামে অংশ গ্রহণ করতে পারবেন। যে মালামাল যেখানে আছে, সেভাবেই উপস্থিত উন্মুক্ত নিলাম প্রতিযোগিতার মাধ্যমে সর্বোচ্চ দর দাতার অনুকূলে মালামাল বিক্রয় করা হবে। মালামাল সরেজমিনে পরিদর্শন পূর্বক সংশ্লিষ্টদের নিলামে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। আগ্রহী প্রতিষ্ঠান/ব্যক্তি নিলাম ডাকের পূর্বে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা নগদ জামানত (ফেরতযোগ্য) জমাপূর্বক নিলাম ডাকে অংশগ্রহণ করতে পারবেন।

০২। নিলাম শেষে সর্বোচ্চ ডাকধারী ব্যক্তি/প্রতিষ্ঠানের জামানত রেখে অবশিষ্টদের জামানত ফেরত দেয়া হবে। সর্বোচ্চ দর দাতাকে তাৎক্ষণিকভাবে ৫০% এবং মালামাল গ্রহণ/হস্তান্তর করার পূর্বে অবশিষ্ট ৫০% টাকা নগদে অথবা মহাপরিচালক, বিআরডিবি, ঢাকা শিরোনামে চেকের মাধ্যমে প্রদান করতে হবে। প্রদত্ত মূল্যের উপর সরকারী বিধি অনুযায়ী ভ্যাট প্রদান করতে হবে। নিলাম চূড়ান্ত হওয়ার পর থেকে পরবর্তী ০৩ (তিন) দিনের মধ্যেই সকল মালামাল ডেলিভারী নিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে টাকা জমা দিয়ে পুরাতন মালামালের ডেলিভারী নিতে ব্যর্থ হলে তার জামানত বাজেয়াপ্ত করা হবে। নিলাম ডাক গ্রহণ/বাতিলের ক্ষমতা বিআরডিবি কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মালামালের বিবরণ :

ক্র: নং	বিক্রয়যোগ্য আসবাবপত্রের নাম	মালামালের অবস্থান	মোট পরিমাণ
০১।	টেবিল (কাঠের)	বেজমেন্ট, ১ম তলা, ২য় তলা, ৩য় তলা, ৪র্থ তলা, ৫ম তলা, ৬ষ্ঠ তলা ও ৭ম তলা	১২ টি
০২।	টেবিল (ষ্টিলের)	৩য় তলা	০২ টি
০৩।	ফাইল র্যাক (কাঠের)	বেজমেন্ট, ১ম তলা, ২য় তলা, ৩য় তলা, ৪র্থ তলা ও ৭ম তলা	১৭ টি
০৪।	ফাইল র্যাক (ষ্টিলের)	৪র্থ তলা	০২ টি
০৫।	চেয়ার (কাঠের)	বেজমেন্ট, ১ম তলা, ২য় তলা, ৪র্থ তলা, ৫ম তলা, ৬ষ্ঠ তলা ও ৭ম তলা	১১ টি
০৬।	চেয়ার (ষ্টিলের)	বেজমেন্ট, ১ম তলা, ২য় তলা, ৪র্থ তলা ও ৫ম তলা	৪৮ টি
০৭।	এসি'র এ্যাংগেল	৭ম তলা	০১ টি
০৮।	টেবিলের ফ্রেম (কাঠের)	৭ম তলা	০১ টি
০৯।	ফাইল কেবিনেট (ষ্টিলের)	১ম তলা, ২য় তলা, ৩য় তলা, ৪র্থ তলা, ৫ম তলা ও ৬ষ্ঠ তলা	৪৭ টি
১০।	ফাইল কেবিনেট (কাঠের)	২য় তলা	০১ টি
১১।	দরজার পাল্লা (কাঠের)	৬ষ্ঠ তলা	০১ টি
১২।	আলমিরা (কাঠের)	৫ম তলা	০১ টি
১৩।	আলমিরা (ষ্টিলের)	১ম তলা, ৩য় তলা, ৪র্থ তলা ও ৫ম তলা	২৭ টি
১৪।	সোকেজ (ষ্টিলের)	৩য় তলা	০১ টি
১৫।	গাড়ির টায়ার	বেজমেন্ট	২৩ টি


(মোহা: দেলোয়ার হোসেন)
উপপরিচালক (প্রশাসন-২)

বিতরণ :

- ১। বিআরডিবি'র নোটিশ বোর্ড, কাওরান বাজার, ঢাকা।
- ২। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের নোটিশ বোর্ড, কাওরান বাজার, ঢাকা।
- ৩। বাংলাদেশ তাঁত বোর্ড/পেট্রোবাংলা/টিসিবি/তিতাস/স্টীল ইঞ্জিনিয়ারিং/ঢাকা ওয়াসা, কাওরান বাজার এর নোটিশ বোর্ড, ঢাকা।
- ৪। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।